



নির্বাচনী প্রস্তুতি নিয়ে মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে সিইসির বৈঠক



সংগৃহীত ছবি

ঢাকায় প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠকে বসেছেন যুক্তরাষ্ট্রের নবনিযুক্ত রাষ্ট্রদূত ব্রেস্ট ক্রিস্টেনসেন। তিন সদস্যের প্রতিনিধি দলে আছেন মার্কিন দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তা ডেভিড মু এবং ফিরোজ আহমেদ।

বৈঠকটি অনুষ্ঠিত হয় বুধবার (২৮ জানুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনের প্রধান কার্যালয়ে। এ সময় সিইসির সঙ্গে উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ। সূত্র জানিয়েছে, বৈঠকে দেশের সাম্প্রতিক রাজনৈতিক অবস্থা, জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের প্রস্তুতি এবং ভোটের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার বিষয়গুলো আলোচনার মূলসূচি ছিল।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের ১৯তম রাষ্ট্রদূত হিসেবে বাংলাদেশে ১২ জানুয়ারি দায়িত্ব গ্রহণ করেন ব্রেস্ট ক্রিস্টেনসেন। এই প্রথম বাংলাদেশের নির্বাচনী প্রক্রিয়া ও রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে সরাসরি সিইসির সঙ্গে বিস্তারিত মতবিনিময় করলেন তিনি।